গোপনীয়তা – এটি আপনার অধিকার

NHS (National Health Service, ন্যাশনাল হেলথ সার্ভিস) কিভাবে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য সম্পর্কিত তথ্যকে সুরক্ষিত রাখে

সংস্করণ 4
এপ্রিল 2009-এ রচিত
পরিমার্জনের তারিখ ফেব্রুয়ারি 2012

Data Protection Act 1998 (তথ্য সুরক্ষা আইন 1998) অনুযায়ী, আপনার ব্যক্তিগত তথ্য কার কাছে আছে তা জানার অধিকার আপনার রয়েছে। এই ব্যক্তি বা সংগঠনকে বলা হয় data controller (তথ্য নিয়ন্ত্রক)। NHS –এ, তথ্য নিয়ন্ত্রক হচ্ছে সাধারণত আপনার স্থানীয় NHS বোর্ড এবং আপনার GP Surgery।

এই লিফলেটটি কাদের জন্য?

- এই লিফলেটটি তাদের জন্য যারা স্কটল্যান্ডে National Health Service (NHS) ব্যবহার করেন।

শিশু ও 16 বছরের কম বয়সী যুবদের জন্যেও এই লিফলেটের একটি সংস্করণ রয়েছে, যার নাম হচ্ছে ‘ গোপনীয়তা – তোমার অধিকারসমূহ ’। এর কপি কোথায় পাওয়া যাবে তা জানার জন্য পৃষ্ঠা 6 দেখুন।

এই লিফলেটটি কি সম্পর্কিত?

এটি আপনাকে জানায় যে:

- আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য বলতে কী বোঝায়
- কিভাবে NHS এই তথ্যকে গোপনীয় রাখে
- কিভাবে এই তথ্য ব্যবহার করা হয়
- কার সাথে এই তথ্য বিনিময় করা হয় এবং কেন, এবং
- আপনার হেলথ্ রেকর্ড বলতে কি বোঝায়

এই লিফলেটটি কেন তৈরি করা হয়েছে?

NHS আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য অবশ্যই গোপনীয় রাখবে। এটি আপনার অধিকার। এই লিফলেটটি ব্যাখ্যা করে যে NHS কিভাবে এটি করে থাকে।

আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য বলতে কী বোঝায়?

এটি হচ্ছে সেই তথ্য যা আপনাকে শনাক্ত করে। এতে অন্তর্ভুক্ত থাকে আপনার নাম, ঠিকানা, জন্মতারিখ, ও পোস্টকোড–এর মতো বিষয়গুলো। এটি অন্যান্য তথ্যের সাথে সংযুক্ত থাকতে পারে, যেমন:

- আপনি গ্রহণ করেছেন এমন যে কোনো পরিচর্যা ও চিকিৎসা সম্পর্কিত তথ্য
- আপনার স্বাস্থ্য ও জীবন–যাপন প্রণালী সম্পর্কিত তথ্য, এবং
- আপনার বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষার ফলাফল।

আমার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য কিভাবে ও কোথায় রাখা হয়?

এটি রেকর্ডে রাখা হয়। রেকর্ডগুলো কাগজে লেখা হয়, কম্পিউটারে রাখা হয় বা উভয়ভাবেই রাখা হয়। রেকর্ডগুলো NHS -এর বিভিন্ন জায়গায় নিরাপদে সংরক্ষণ করা হয়।

- আপনার GP surgery -তে আপনার একটি রেকর্ড রয়েছে।
- যদি আপনার GP আপনাকে কোনো হাসপাতালে রেফার করেন, তাহলে হাসপাতালটি সেখানে একটি রেকর্ড রাখবে।
- অন্যান্য স্থানেও রেকর্ড সংরক্ষণ করা হতে পারে, যেমন, আপনার ডেন্টাল সার্জারিতে অথবা আপনি গিয়েছেন এমন কোনো ক্লিনিকে।

NHS আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য আরো বেশি করে কম্পিউটারে সংরক্ষণ করছে। অবশেষে আপনার সকল রেকর্ড কম্পিউটারে রাখা হতে পারে। এটি NHS কর্মীদের জন্য আপনার সম্পর্কিত তথ্য বিনিময়কে সহজতর করে তুলবে যাতে আপনি আপনার প্রয়োজনমাফিক চিকিৎসা পেতে পারেন, আপনি যেখানেই থাকুন না কেন।

আপনার ইলেক্ট্রনিক (কম্পিউটার) রেকর্ড সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হবে। শুধুমাত্র আপনার পরিচর্যার সাথে সংশ্লিষ্ট NHS কর্মীরা আপনার রেকর্ড দেখতে পারবেন। এবং আপনার ইলেক্ট্রনিক রেকর্ড কে দেখেছে তা যাচাই করা সম্ভব হবে।

আপনার Emergency Care Summary (জরুরি পরিচর্যার সংক্ষিপ্তসার)

স্কটল্যান্ডের অধিকাংশ রোগীরই এখন একটা Emergency Care Summary রয়েছে। এটি হচ্ছে আপনার স্বাস্থ্য সম্পর্কিত কিছু মৌলিক তথ্য যা আপনার GP Surgery বন্ধ থাকার সময় আপনার জরুরি চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হলে, অথবা আপনি accident and emergency (A&E) department (দুর্ঘটনা ও জরুরি বিভাগ)–এ গেলে সেখানকার কর্মীদেরকে সাহায্য করতে পারে।
এর ফলে আপনার পরিচর্যাকারী NHS কর্মী আপনার স্বাস্থ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য পেতে পারবে, এমনকি তারা আপনার GP Surgery–র সাথে যোগাযোগ করতে না পারলেও।

কর্মীদের যে কোনো সদস্য আপনার Emergency Care Summary দেখার আগে, তারা সাধারণত আপনার অনুমতি চাইবেন। যদি আপনি অনুমতি দেয়ার পক্ষে খুবই অসুস্থ থাকেন, তাহলে আপনার সম্মতি ছাড়াই তারা আপনার Emergency Care Summary পড়ার প্রয়োজন হতে পারে, যাতে তারা আপনাকে সম্ভাব্য সর্বোত্তম সেবা দিতে পারেন।

আরো তথ্যের জন্য, 'Your Emergency Care Summary – What does it mean for you?' লিফলেটটি দেখুন। আপনি এর একটি কপি আপনার GP Surgery থেকে, NHS Helpline (NHS হেল্পলাইনে)–এ 0800 22 44 88 নম্বরে ফোন করে, অথবা ইন্টারনেট থেকে (www.hris.org.uk) পেতে পারেন।

কিভাবে NHS আমার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য গোপনীয় রাখে?

- আপনার সম্পর্কিত তথ্য গোপনীয় রাখা **NHS** –এর সকল কর্মীদের একটি আইনগত দায়িত্ব।
- **NHS** আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য সুরক্ষিতভাবে সংরক্ষণ করে।
- আপনার সম্পর্কিত শুধুমাত্র প্রাসঙ্গিক তথ্য **NHS** –এর অভ্যন্তরে বা বাইরের সংগঠনের সাথে বিনিময় করা হয়। কখন ও কেন এটি বিনিময় করা হয় তা আমরা এই লিফলেটের পরবর্তী অংশে ব্যাখ্যা করেছি।
- **NHS** কোনো সংগঠন যেমন বেনেফিট এজেন্সি, নিয়োগকর্তা বা প্রচার মাধ্যমের কাছে আপনার সম্পর্কিত তথ্য আপনার অনুমতি ছাড়া প্রদান করবে না।

আমার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য কিভাবে ব্যবহার করা হয়?

আপনার প্রয়োজনমাফিক পরিচর্যা ও চিকিৎসা প্রদানের জন্য NHS কর্মীরা আপনার তথ্য ব্যবহার করেন। আপনার পরিচর্যার সাথে সম্পৃক্ত অন্যান্য NHS কর্মীদের সাথে তারা সংশ্লিষ্ট তথ্য বিনিময় করবেন। এটি আপনার পরিচর্যাকে আরো বেশি নিরাপদ, সহজ ও দ্রুততর করে। উদহরণস্বরূপ, তথ্য বিনিময় করা হয় যদি:

- আপনার GP আপনাকে একটি হাসপাতালে রেফার করেন
- আপনাকে এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে স্থানান্তর করা হয়
- বাড়িতে আপনার সহায়তার প্রয়োজন হয়, যেমন একজন ডিস্ট্রিক্ট নার্সের পরিদর্শন, অথবা
- NHS 24 আপনাকে একজন GP বা NHS –এর অন্য কোনো অংশে রেফার করে।

যদি আপনি আপনার তথ্য বিনিময় সম্পর্কে উদ্বিগ্ন থাকেন, তাহলে 4 পৃষ্ঠায় 'আপনার আপত্তি করার অধিকার' দেখুন।

আমার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য NHS আর কিভাবে ব্যবহার করে?

সাধারণ জনগণের স্বাস্থ্য ও NHS –এর পরিষেবাসমূহ উন্নয়নের জন্য NHS আপনার স্বাস্থ্য সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য ব্যবহার করে। NHS এটি ব্যবহার করতে পারে, যেমন:

- কতজন ব্যক্তির একটি নির্দিষ্ট অসুস্থতা বা রোগ আছে তা খুঁজে বের করার জন্য
- কোনো চিকিৎসা কতটা নিরাপদ ও কার্যকর তা নির্ধারণের জন্য, যেমন, ফ্লু–এর টিকা
- NHS ভালোভাবে পরিষেবা প্রদান করছে কিনা তা যাচাই করার জন্য
- কী পরিমাণ বেড, ওয়ার্ড ও কর্মী প্রয়োজন তার পরিকল্পনা করার জন্য
- শিক্ষার্থী ও কর্মীদেরকে প্রশিক্ষণ প্রদানের জন্য
- NHS জনগণের অর্থ যথাযথভাবে ব্যয় করছে কিনা তা যাচাই করার জন্য
- এবং গবেষণার জন্য।

আপনার সম্পর্কিত তথ্য ব্যবহার করার সময়, যখনই সম্ভব হয়, আপনার নাম, ঠিকানা ও আপনাকে চিহ্নিত করে এমন অন্যান্য তথ্য অপসারণ করা হয়। কখনো কখনো NHS এমন তথ্য ব্যবহার করে যা আপনাকে চিহ্নিত করে। যদি তারা এটি করে থাকে, তাহলে তারা সাধারণত আপনার কাছে ব্যাখ্যা করবে যে কিভাবে ও কেন আপনার তথ্য ব্যবহার করা হবে। যদি শিক্ষা বা গবেষণার জন্য তারা এমন তথ্য ব্যবহার করে যা আপনাকে চিহ্নিত করে, তাহলে তারা অবশ্যই আগে আপনার কাছে অনুমতি চাইবে।

জনস্বাস্থ্য ও NHS–এর পরিষেবা উন্নয়নে সহায়তা করার জন্য NHS আপনার তথ্য ব্যবহার করুক, তা যদি আপনি না চান, তাহলে আপনি আপত্তি করতে পারেন। পৃষ্ঠা 4 দেখুন।

কখন আমার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য NHS –এর বাইরে বিনিময় করা যেতে পারে?

আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য অন্য কাউকে দেওয়া যেতে পারে যাদের আপনার স্বাস্থ্য সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্য জানা প্রয়োজন – যেমন একজন পরিচর্যাকারী, বাড়িতে সাহায্যকারী, বা সমাজকর্মী। সাধারণত, এটি তাদেরকে দেয়া হবে শুধুমাত্র যদি:

- আপনি সম্মত হন, এবং
- আপনাকে পরিচর্যা ও চিকিৎসা প্রদানে সক্ষম হওয়ার জন্য এটি তাদের প্রয়োজন হয়।

সাধারণত NHS আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য আপনার অনুমতি ছাড়া কারো সাথে বিনিময় করবে না, যেমন কোনো আত্মীয়, পরিচর্যাকারী বা বন্ধু। তবে, বিশেষ ক্ষেত্রে এর ব্যতিক্রম হতে পারে:

- **যদি আপনি একজন শিশু হন** , এবং আপনার ডাক্তার মনে করে যে আপনি নিজের স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন না, তাহলে আপনার অভিভাবকত্বের দায়িত্বে রয়েছে এমন কাউকে আপনার রেকর্ড দেখার ও আপনার পরিচর্যা সম্পর্কে আলোচনা করার জন্য অনুমতি দেয়া হতে পারে।
  16 বছরের কম বয়সীদের অধিকার সম্পর্কে আরো তথ্য কোথায় পাওয়া যাবে তা জানার জন্য পৃষ্ঠা 6 দেখুন।

- **যদি আপনি একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি হন** যিনি নিজের জন্য সিদ্ধান্ত গ্রহণে অক্ষম, অথবা অন্যদেরকে আপনার সিদ্ধান্ত জানাতে না পারেন, তাহলে আপনার রেকর্ড দেখা এবং আপনার পরিচর্যা সম্পর্কে আলোচনা করার জন্য আইন কাউকে অনুমতি দিতে পারে, যদি:

- আপনি তাদেরকে welfare power of attorney (দেখাশোনার জন্য পাওয়ার অব অ্যাটর্নি) দিয়ে থাকেন, অথবা কোনো আদালত তাদেরকে welfare guardianship (দেখাশোনার জন্য অভিভাবকত্ব) বা welfare intervention order (দেখাশোনার জন্য হস্তক্ষেপের আদেশ) দিয়ে থাকে।

এই সকল ক্ষেত্রে, আপনার স্বাস্থ্য তথ্য দেখার জন্য অনুমোদিত ব্যক্তি:

- শুধুমাত্র সেই সব তথ্যগুলোই দেখতে পারবেন যেগুলো আপনার স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে আপনার হয়ে সুনির্দিষ্ট সিদ্ধান্ত নেয়ার জন্য তাদের দেখা অপরিহার্য, এবং
- এমন কোনো তথ্য পাবেন না যেগুলো কর্মীরা মনে করবেন যে আপনার স্বাস্থ্য বা অন্যদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হবে।

কখনো কখনো আপনার অনুমতি ছাড়া আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য বিনিময় করার জন্য আইন NHS –কে অনুমতি প্রদান করে, যেমন, কোনো মারাত্মক অপরাধের তদন্তের ক্ষেত্রে বা কোনো শিশুর নিরাপত্তা রক্ষার জন্য।

আমার কী কী অধিকার আছে?

গোপনীয়তার অধিকারের পাশাপাশি, আপনার নিচে উল্লিখিত অধিকারগুলো রয়েছে।

আপনার জানার অধিকার

আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য কিভাবে ব্যবহার করা হয়েছে তা জানার অধিকার আপনার রয়েছে। আপনার পরিচর্যা প্রদানকারী NHS –এর একজন কর্মীকে আপনি জিজ্ঞাসা করতে পারেন।

আপনার দেখার অধিকার

আপনার স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড দেখার অধিকার আপনার আছে, আপনি চাইলে, একটি কপি পাওয়ার অধিকারও আপনার আছে। যখনই সম্ভব, আপনার স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড এমন একটি ফরম্যাটে আপনাকে দেয়া হবে যা আপনার চাহিদা পূরণ করে। এটি কিভাবে করতে হবে তা ‘ নিজের হেলথ্ রেকর্ড কিভাবে দেখবেন ’ লিফলেটটিতে ব্যাখ্যা করা হয়েছে। এর কপি কোথায় পাওয়া যাবে তা জানার জন্য পৃষ্ঠা 6 - 7 দেখুন।

আপনার আপত্তি করার অধিকার

আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার বা বিনিময় করা হোক তা যদি আপনি না চান, তাহলে আপনাকে পরিচর্যা প্রদানকারী NHS –এর একজন কর্মীকে জানান। যদি আপনি এটি করেন, তাহলে যখনই সম্ভব, NHS আপনার তথ্য যেভাবে ব্যবহার করে তা সীমিত করতে হবে।

আপনার অভিযোগ করার অধিকার

আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য যেভাবে ব্যবহার বা সংরক্ষণ করা হয়েছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হোন, তাহলে আপনাকে পরিচর্যা প্রদানকারী NHS –এর একজন কর্মীর সাথে প্রথমে কথা বলুন। যদি এরপরও আপনি সন্তুষ্ট না হোন, এবং অভিযোগ জানাতে চান, তাহলে কি করতে হবে তা ‘ NHS সম্পর্কে অভিযোগ করা ’ নামক লিফলেটটি ব্যাখ্যা করে। এর কপি কোথায় পাওয়া যাবে তা জানার জন্য পৃষ্ঠা 6 - 7 দেখুন।

কিভাবে আরো জানা যাবে

- এই লিফলেটের যে কোনো বিষয় সম্পর্কে আরো জানতে চাইলে, যোগাযোগ করুন:
  - আপনাকে পরিচর্যা প্রদানকারী NHS–এর একজন কর্মীর সাথে
  - NHS Helpline–এ **0800 22 44 88** নম্বরে ফোন করে (textphone, (টেক্সটফোন) 18001 0800 22 44 88) হেল্পলাইনে ফোন করা ফ্রি এবং এটি দোভাষী পরিষেবার ব্যবস্থা করতে পারে, অথবা
  - আপনার এলাকার citizens advice bureau (সিটিজেন্স এডভাইজ ব্যুরোতে) (আপনার নিকটতম ব্যুরোর সাথে যোগাযোগের বিবরণ **www.cas.org.uk** ওয়েবসাইটে অথবা আপনার স্থানীয় ফোনবুকে পাবেন)।

- আইনটি কিভাবে শিশু ও তরুণদেরকে প্রভাবিত করে সেই সম্পর্কে আরো জানার জন্য, যোগাযোগ করুন:

  The Scottish Child Law Centre (দ্য স্কটিশ চাইল্ড ল সেন্টার)
  54 East Crosscauseway
  Edinburgh EH8 9HD
  তথ্য হেল্পলাইন **0131 667 6333**
  18 বছরের নিচের ছেলেমেয়েদের জন্য ফ্রিফোন নম্বর **0800 328 8970**
  টেক্সট–এর মাধ্যমে বিনামূল্যে জিজ্ঞাসা পরিষেবা: 'SCLC' লিখে তারপর আপনার প্রশ্ন লিখে **80800** নম্বরে পাঠিয়ে দিন (আপনার মোবাইল ফোনে টেক্সটের মাধ্যমে জবাব পাঠানো হবে)
  ই–মেইল **enquiries@sclc.org.uk**
  ওয়েবসাইট **www.sclc.org.uk**

- যদি আপনি নিজের জন্য সিদ্ধান্ত নিতে না পারেন, অথবা অন্য কাউকে আপনার সিদ্ধান্ত জানাতে না পারেন, একে বলা হয় 'incapacity' (অক্ষমতা)। Adults with Incapacity (Scotland) Act (প্রাপ্তবয়স্কদের অক্ষমতা (স্কটল্যান্ড) সম্পর্কিত আইন) সম্পর্কে জানতে হলে, যোগাযোগ করুন:

  The Office of the Public Guardian (Scotland) (দ্য অফিস অফ দ্য পাবলিক গার্ডিয়ান (স্কটল্যাণ্ড))
  Hadrian House
  Callendar Business Park
  Callendar Road
  Falkirk FK1 1XR
  ফোন **01324 678 300**
  ইমেইল **opg@scotcourts.gov.uk**
  ওয়েবসাইট **www.publicguardian-scotland.gov.uk**

- মানসিক অসুস্থতা, শিক্ষা প্রতিবন্ধকতা, স্মৃতিভ্রষ্টতা বা অন্যান্য মানসিক সমস্যাগ্রস্ত ব্যক্তিদের অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য Mental Welfare Commission for Scotland (মেন্টাল ওয়েলফেয়ার কমিশন ফর স্কটল্যান্ড) –এর সাথে যোগাযোগ করুন। Adults with Incapacity Act (প্রাপ্তবয়স্কদের অক্ষমতা সম্পর্কিত আইন) অনুযায়ী ব্যক্তির অধিকার সম্পর্কেও তাদের কাছ থেকে তথ্য ও পরামর্শ পাওয়া যাবে।

  Mental Welfare Commission for Scotland
  Thistle House
  91 Haymarket Terrace
  Edinburgh EH12 5HE
  সার্ভিস ব্যবহারকারী ও পরিচর্যা প্রদানকারীদের জন্য ফ্রি ফোন নম্বর **0800 389 6809**
  ই–মেইল **enquiries@mwcscot.org.uk**
  ওয়েবসাইট **www.mwcscot.org.uk**

- আপনার ব্যক্তিগত তথ্য কিভাবে ব্যবহার করা হয় ও সুরক্ষিত রাখা হয় সেই সম্পর্কে আরো জানার জন্য, আপনি নিচে উল্লিখিত ঠিকানায় Information Commissioner's Office (তথ্য কমিশনারের অফিস) –এর সাথে যোগাযোগ করতে পারেন।

  Information Commissioner's Office
  93–95 Hanover Street
  Edinburgh EH2 1DJ
  ফোন **0131 301 5071**
  ই–মেইল **Scotland@ico.gsi.gov.uk**
  ওয়েবসাইট **www.ico.gov.uk**

NHS যেভাবে আপনার তথ্য ব্যবহার করেছে বা সুরক্ষিত রেখেছে সেই সম্পর্কে অভিযোগ করার জন্যও আপনি এই অফিসের সাথে যোগাযোগ করতে পারেন, কিন্তু আপনি তা করতে পারবেন শুধুমাত্র যদি আপনি ইতিমধ্যেই NHS অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে থাকেন ।

স্বাস্থ্য অধিকার সম্পর্কিত তথ্য

- **NHS এবং আপনি (NHS and You)** ব্যাখ্যা করে আপনি NHS –থেকে কী আশা করতে পারেন, এবং NHS আপনার কাছ থেকে কী আশা করে ।
- **NHS সম্পর্কে অভিযোগ করা (Making a complaint about the NHS)** NHS –এর অভিযোগ প্রক্রিয়া ব্যবহার করে কীভাবে অভিযোগ করতে হয় সেই সম্পর্কে আপনাকে জানাবে ।
- **সম্মতি - সম্মতি দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন আপনিই (Consent – it's your decision)** ব্যাখ্যা করে যে আপনার স্বাস্থ্যসেবা ও চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার কিভাবে শরিক থাকা প্রয়োজন ।
- **নিজের হেলথ্ রেকর্ড কিভাবে দেখবেন (How to see your health records)** আপনার স্বাস্থ্য সম্পর্কিত রেকর্ড দেখা বা তার একটি কপি সংগ্রহ করার ক্ষেত্রে আপনার অধিকার সম্পর্কে ব্যাখ্যা করে ।
- **বিদেশি ভ্রমণকারীদের জন্য স্বাস্থ্যসেবা (Health care for overseas visitors)** হচ্ছে বিদেশি ভ্রমণকারীরা স্কটল্যান্ডে অবস্থান করার সময় NHS–এর কী কী পরিষেবা পাওয়ার অধিকার তাদের রয়েছে তা ব্যাখ্যা করা একরাশ তথ্যপত্র ।

শিশু ও যুবদের জন্য তথ্য

- **সম্মতি – তোমার অধিকারসমূহ (Consent – your rights)** তোমার স্বাস্থ্য সেবা ও চিকিৎসা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে তুমি কিভাবে জড়িত হবে তা ব্যাখ্যা করে ।
- **গোপনীয়তা – তোমার অধিকারসমূহ (Confidentiality – your rights)** ব্যাখ্যা করে যে স্বাস্থ্য পরিষেবা কিভাবে তোমার তথ্য গোপনীয় রাখে ।
- **তোমার মতামত জানাও! তোমার মতামত শোনানোর জন্য (Have your say! Your right to be heard)** তোমার অধিকার NHS সম্পর্কে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় বা অভিযোগ করতে হয় সেই সম্পর্কে তোমাকে জানায় ।

পরিচর্যাকারীদের জন্য তথ্য

- **পরিচর্যা এবং সম্মতি (Caring and consent)** আপনি যে প্রাপ্তবয়স্ক ব্যক্তির পরিচর্যা করেন তার স্বাস্থ্যসেবা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার সম্পৃক্ত থাকার অধিকার সম্পর্কে ব্যাখ্যা করে (মে 2009 থেকে পাওয়া যাচ্ছে) ।

আপনি এই তথ্য পেতে পারেন:

- GP ও dental surgeries, হাসপাতাল ও অন্যান্য জায়গা থেকে যেখানে আপনি NHS –এর সেবা পেয়ে থাকেন
- NHS Helpline–এ 0800 22 44 88 নম্বরে ফোন করে (textphone 18001 0800 22 44 88)
- **www.hris.org.uk**
- আপনার এলাকার citizens advice bureau (সিটিজেন্স এডভাইজ ব্যুরোতে) (আপনার নিকটতম ব্যুরোর সাথে যোগাযোগের বিবরণ **www.cas.org.uk** ওয়েবসাইটে অথবা আপনার স্থানীয় ফোনবুকে পাবেন) ।

অনুগ্রহ করে আপনার মতামত দিন!

আমরা জানতে চাই আপনি এই লিফলেটটি সম্পর্কে কি ভাবছেন ।

অনুগ্রহ করে আমাদেরকে আপনার মতামত জানান:

- ডাকযোগে নিচের ঠিকানায়: HRIS, Consumer Focus Scotland, **FREEPOST GW5277**, Glasgow G1 3BR
- আমাদেরকে **hris@consumerfocus.org.uk** ঠিকানায় ই–মেইল করে
- আমাদের **www.hris.org.uk** ওয়েবসাইটে গিয়ে 'contact us' সংযুক্তিতে ক্লিক করে, অথবা
- আমাদেরকে **0141 226 5261** নম্বরে ফোন করে ।

এই লিফলেটে দেওয়া তথ্য সঠিক রয়েছে তা নিশ্চিত করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করেছি। তবে, এটি শুধুমাত্র নির্দেশনার জন্য, তাই আইনের বিস্তারিত বিবরণ হিসেবে এটির ওপর নির্ভর করবেন না। আপনি আইনানুগ ব্যবস্থা নিতে চাইলে, কোনো সলিসিটর, সিটিজেন্স এডভাইস ব্যুরো বা অন্য কোনো পরামর্শদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করবেন।

Scottish Government Health Directorates–এর পক্ষে Consumer Focus Scotland–এর একটি প্রকল্প, Health Rights Information Scotland কর্তৃক প্রকাশিত।

এই লিফলেটটি অন্য ভাষায় বা ফরম্যাটে পেতে চাইলে আপনার স্থানীয় NHS বোর্ডকে ফোন করুন। এতে আপনার সাহায্যের দরকার হলে 0800 22 44 88 নম্বরে NHS Helpline–এর সাথে যোগাযোগ করুন (textphone 18001 0800 22 44 88)।

www.hris.org.uk